জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.jhenaidah.gov.bd

স্মারক নম্বর-১৭.০৫.৪৪০০.০০০.০০০.৩৬.০০১৯.২৫.৮১৫

তারিখ: ০৬ পৌষ ১৪৩২ / ২১ ডিসেম্বর ২০২৫

**বিষয়ঃ আগামী ২৫ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে প্যানেলভুক্ত ভোটগ্রহণকারী কর্মকর্তা হিসেবে আইটি সাপোর্টেড পোস্টাল ব্যালটে (ICPV) ভোট প্রদানের নিমিত্ত রেজিস্ট্রেশন সম্পন্নকরণ**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ফেব্রুয়ারী ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ সাধারণ নির্বাচন ও গণভোট অনুষ্ঠানের লক্ষ্যে আপনার অফিস/কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা/প্রাথমিক বিদ্যালয় হতে সংযুক্ত তালিকায় অন্তর্ভূক্ত ব্যক্তিগণকে ভোটগ্রহণের নিমিত্ত ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে প্যানেলভূক্ত করা হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, তাঁর আওতাধীন সংযুক্ত তালিকায় বর্ণিত প্যানেলভূক্ত ভোটগ্রহণকারী কর্মকর্তাদেরকে আবশ্যিকভাবে আগামী ২৫ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে Postal Vote BD App এ ভোট প্রদানের নিমিত্ত রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক

২১/১২/২০২৫

মোঃ আব্দুল্লাহ আল মাসউদ
জেলা প্রশাসক, ঝিনাইদহ
ও
রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট
ফোন: ০২৪৭৭৭-৪৬৮৮৮
e-mail: dcjhenaidah@mopa.gov.bd

প্রাপক:

..............................
..............................
..............................

স্মারক নম্বর- ১৭.০৫.৪৪০০.০০০.০০০.৩৬.০০১৯.২৫.৮১৫/১(১১)

তারিখ: ০৬ পৌষ ১৪৩২ / ২১ ডিসেম্বর ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা
৪। পুলিশ সুপার, ঝিনাইদহ
৫। জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ
৬। জেলা তথ্য অফিসার, ঝিনাইদহ
৭। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), ঝিনাইদহ
৮। উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ
৯। উপজেলা নির্বাচন অফিসার, শৈলকুপা/হরিণাকুন্ডু/কালীগঞ্জ/কোটচাঁদপুর/মহেশপুর, ঝিনাইদহ
১০। ..........................................কর্মকর্তা, ঝিনাইদহ
১১। অফিস কপি।

২১/১২/২০২৫

মোঃ আব্দুল্লাহ আল মাসউদ
জেলা প্রশাসক, ঝিনাইদহ
ও
রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট

# বাংলাদেশ নির্বাচন কমিশন এর

# IT Supported

# Postal Vote BD App

## এ নিবন্ধন ও ভোট প্রদান প্রক্রিয়ায়

## আপনাদের স্বাগতম

# পোস্টাল ব্যালট পদ্ধতিতে ভোট প্রদান কার্যক্রমে যুক্ত প্রতিষ্ঠান ও অংশীজন

- বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়
- রিটার্নিং অফিসারের কার্যালয়
- বাংলাদেশ ডাক বিভাগ
- বাংলাদেশে সরকারী চাকুরীরত সকল কর্মকর্তা কর্মচারী (নিজ এলাকার বাইরে অবস্থানকারী ভোটারগণ) (ICPV)
- নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ (ICPV)
- বাংলাদেশের মধ্যে আইনী হেফাজতে থাকা ভোটারগণ (ICPV)
- বিদেশে অবস্থানরত সকল প্রবাসী বাংলাদেশী ভোটার (OCV)

# Postal Vote BD App
## এর মাধ্যমে ভোট প্রদানের পদ্ধতি

- Android/Smart Phone এর মাধ্যমে Play Store অথবা App store হতে Postal Vote BD App টি ডাউনলোড করতে হবে।
- ভোট প্রদান করতে ইচ্ছুক ব্যক্তিকে Postal Vote BD App টি Open করতে হবে এবং রেজিষ্ট্রেশনের উপর ক্লিক করতে হবে।
- ব্যবহারকারীকে বাংলা/ইংরেজি যে কোন একটি ভাষা নির্বাচন করতে হবে এবং অবস্থানকারী দেশ নির্বাচন করতে হবে।
- অবস্থানকারী দেশের মোবাইল নম্বর প্রদান করতে হবে।
- প্রদত্ত মোবাইল নম্বরের সঠিকতা যাচাইয়ের জন্য উক্ত নম্বরে প্রাপ্ত OTP সঠিক স্থানে বসাতে হবে।

# Postal Vote BD App

## এর মাধ্যমে ভোট প্রদানের পদ্ধতি

- এরপর একটি পাসওয়ার্ড দিতে হবে।

- পাসওয়ার্ড প্রদানের সাথে সাথে একাউন্ট তৈরী হয়ে যাবে।
- মোবাইল নাম্বার ও পাসওয়ার্ড ব্যবহার করে পুনরায় লগইন করে Enrollment প্রক্রিয়ায় প্রবেশ করতে হবে।
- জাতীয় পরিচয়পত্রের সামনের অংশের ছবি তুলতে হবে
- যথার্থতা যাচাইয়ের জন্য ব্যক্তির Liveliness চেক করতে হবে।
- নিজের চেহারার ছবি তুলতে হবে (Selfie)

# Postal Vote BD App

## এর মাধ্যমে ভোট প্রদানের পদ্ধতি

- ❖ পাসপোর্টের তথ্য প্রদান করতে হবে (পাসপোর্ট না থাকলে চেকবক্সে টিক দিতে হবে)।
- ❖ যে ঠিকানায় ব্যালট পেতে ইচ্ছুক সেই ঠিকানা সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে।
- ❖ নিবন্ধন না হলে নির্বাচন কমিশনের নির্ধারিত পদ্ধতিতে নিবন্ধন করতে হবে।

# ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
# পোস্টাল ভোটিং তালিকাভুক্তির প্রক্রিয়া



# নিবন্ধনকারীর নিকট ব্যালট পেপার প্রেরণ সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান

- নির্বাচন কমিশন সচিবালয়ের নির্ধারিত কর্মকর্তা
- সংশ্লিষ্ট প্রিন্টিং প্রেসের এর নির্ধারিত কর্মকর্তা
- ডাক বিভাগ এর সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী

# নিবন্ধনকারীর নিকট ব্যালট পেপারের সাথে যে সকল কাগজপত্র প্রেরণ করা হবে

- একটি বড় সাদা খাম (ফরম নং-৯)
- রিটার্নিং অফিসারের ঠিকানা লিখিত QR কোড সম্বলিত একটি ফেরত হলুদ খাম (ফরম -১০)
- একটি ছোট সাদা খাম (ব্যালট পেপার রাখার ফরম-১০ক)
- সকল প্রতীক সম্বলিত একটি ব্যালট পেপার (ফরম-৭)
- একটি ঘোষণাপত্র (ফরম-৮)
- একটি নির্দেশিকা

# ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
# পোস্টাল ভোটিং ভোটারগণকে প্রেরিত পোস্টাল প্যাকেজ


## বহির্গামী খাম





## ফেরত খাম





## ছোট সাদা খাম ব্যালট পেপার রাখার




## ব্যালট পেপার



## নির্দেশনাবলী




## ঘোষণাপত্র



# ভোট প্রদান ও অন্যান্য কার্যক্রম

- ভোটারের নিকট ব্যালট পেপার পৌঁছানো মাত্রই তিনি Postal Vote BD App এ লগইন করে Liveliness যাচাই করে হলুদ খামের (ফরম নং ১০) QR কোড স্ক্যান করবেন এবং খামটি খুলে ভিতরের নির্দেশিকাটি ভালোভাবে পড়বেন।
- প্রার্থী চূড়ান্ত হওয়ার পর সংশ্লিষ্ট App এর মাধ্যমে নিজ আসনের প্রার্থীগণের নাম ও প্রতীক দেখে নিশ্চিত হবেন।
- ব্যালট পেপারের পাশের ফাকা ঘরে টিক চিহ্ন অথবা ক্রস চিহ্ন দিয়ে পছন্দের প্রতীকে ভোট প্রদান করবেন।
- ভোট চিহ্নিত ব্যালট পেপারটি ভাজ করে ছোট সাদা খামে (ফরম নং ১০ক) প্রবেশ করিয়ে খামের মুখ ভালোভাবে বন্ধ করবেন।
- ঘোষণাপত্রে (ফরম-৮) ব্যালট পেপারের ক্রমিক নং, ভোটারের নাম ও এনআইডি নম্বর উল্লেখ করে স্বাক্ষর করবেন।
- ভোটার নিরক্ষর বা অক্ষম হলে ঘোষণাপত্রটি অপর একজন বৈধ ভোটার দ্বারা সংশ্লিষ্ট ঘর পূরণ করতঃ সত্যায়ন করে স্বাক্ষর করবেন।
- ছোট সাদা খাম এবং স্বাক্ষরিত ঘোষণাপত্রটি হলুদ খামের মধ্যে প্রবেশ করিয়ে খামটির মুখ ভালোভাবে বন্ধ করবেন।
- যতদ্রুত সম্ভব হলুদ খামটি নিকটবর্তী পোস্ট অফিসে জমা দিবেন। এক্ষেত্রে ভোটারকে কোন প্রকার ডাক মাশুল পরিশোধ করতে হবে না।

বিঃ দ্রঃ হলুদ খামের QR কোড স্ক্যান না করলে প্রার্থীর তালিকা দেখা যাবে না এবং ব্যালট পেপার প্রাপ্তির বিষয়টিও নিশ্চিত হওয়া যাবে না

# রিটার্নিং অফিসারের কার্যালয়ের কার্যক্রম


- পোষ্ট অফিস হতে ব্যালট পেপার সম্বলিত হলুদ খামটি প্রাপ্ত হওয়ার সাথে সাথে QR কোড স্ক্যান করে রেকর্ড রাখতে হবে। যা পোস্টাল ব্যালট বিতরন ও প্রাপ্তির তালিকা হিসেবে সফটওয়্যার হতে ফরম-১২ আকারে অটো জেনারেট হবে । উক্ত জেনারেটকৃত ফরমে রিটার্নিং অফিসার স্বাক্ষর করবেন ।
- এরপর হলুদ খামটি একটি সিলগালাকৃত ব্যালট বাক্সে গণনার জন্য সংরক্ষণ করবেন।
- ভোট গ্রহণের দিন সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে পোস্টাল ব্যালট রক্ষিত বাক্সটি খুলবেন এবং প্রাপ্ত খাম সমূহ (ফরম-১০) খুলে প্রথমে ঘোষনাপত্র (ফরম-০৮) টি স্বাক্ষরিত কিনা তা পরীক্ষা করে দেখবেন এবং স্বাক্ষরিত না থাকলে ব্যালট পেপার রক্ষিত (ফরম-১০ক) না খুলেই ঘোষনাপত্রটি প্রত্যয়ন করে বিনষ্ট হিসেবে বাতিল মর্মে তা ব্যালট সম্বলিত (ফরম-১০ক) সহ একত্র করে সংরক্ষণ করবেন।
- গণনার দিন যথাযথভাবে স্বাক্ষরযুক্ত ঘোষনাপত্রটি (ফরম-৮) আলাদা একটি বাক্সে সংরক্ষণ করবেন এবং ব্যালট পেপার সম্বলিত খাম (ফরম-১০ক) সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার নির্ধারিত বাক্সে সংরক্ষণ করবেন।
- গণনা হতে প্রাপ্ত বৈধ ভোট সমূহের সংখ্যা সংশ্লিষ্ট প্রার্থীর অনুকূলে লিখবেন।

# ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
# পোস্টাল ভোটিং এ্যাপে ভোটদান প্রক্রিয়া


**অ্যাপ লগইন করুন**





**সজীবতা পরীক্ষা**





**আপনার খামের উপর থাকা QR কোড স্ক্যান করুন।**




**প্রার্থী ও প্রতীক দেখে ব্যালট পেপারে টিক চিহ্ন দিন**



**ব্যালট খামে ব্যালট পেপার ভরে বন্ধ করুন**




**ফেরত খামে ঘোষণাপত্র এবং ব্যালট খাম ভরে বন্ধ করুন**



# Postal Vote BD App
## এ ভোট প্রদানের ক্ষেত্রে সতর্কতা সমূহ

১. অবস্থানকারী দেশের মোবাইল নম্বর প্রদান করতে হবে।

২. একটি মোবাইলে একাধিক ভোটার রেজিস্ট্রেশন করা যাবে না।

৩. জাতীয় পরিচয়পত্রের প্রথম অংশের ছবি অবশ্যই স্পষ্ট হতে হবে।

৪. চেহারার ছবি তোলার সময় মুখে মাস্ক, চোখে চশমা ও মাথায় টুপি ব্যবহার করা যাবে না।

৫. নিবন্ধন প্রক্রিয়ায় কোন ত্রুটি হলে নিবন্ধন বাতিল বলে গণ্য হবে।

৬. ব্যালট পেপার প্রাপ্তির ঠিকানা নির্ভূলভাবে পূরণ করতে হবে।

৭. যে ঠিকানা/দেশে নিবন্ধন করেছেন সেই ঠিকানা/দেশের বাইরে গিয়ে ভোট প্রদান করা যাবে না।

৮. দেশ ভিত্তিক নির্ধারিত সময়ের মধ্যেই নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

# Postal Vote BD App
## এ ভোট প্রদানের ক্ষেত্রে সতর্কতা সমূহ

৯. একের অধিক প্রতীকে ভোট প্রদান করলে ভোট টি অবৈধ বলে গণ্য হবে।

১০. ঘোষণাপত্রে স্বাক্ষর না থাকলে ব্যালট পেপারটি গণনা যোগ্য হবে না।

১১. ভোটার নিরক্ষর বা অক্ষম হলে ঘোষণাপত্রে অপর একজন বৈধ ভোটার দ্বারা সত্যায়ন করে নিতে হবে।

# ধন্যবাদ

Committed to Social Security and Development

আনসার ভিডিপি

Since 1948

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ উপলক্ষে দায়িত্বপ্রাপ্ত বাহিনীর সদস্যদের জন্য Postal Vote BD অ্যাপে নিবন্ধন সংক্রান্ত যেকোনো জটিলতায় নির্বাচন কমিশনের সহায়তা গ্রহণের সুযোগ রয়েছে।

নিবন্ধন প্রক্রিয়ায় সমস্যা হলে নির্বাচন কমিশনের কল সেন্টারের নম্বর ৮৮০৯৬১০০০০১০৫,০১৭৭৭৭৭০৫৬২,০১৩৩৫১৪৯৯৩২,০১৩৩৫১৪৯৯৩১, ০১৩৩৫১৪৯৯৩০,০১৩৩৫১৪৯৯২৯,০১৩৩৫১৪৯৯২৮,০১৩৩৫১৪৯৯২৭, ০১৩৩৫১৪৯৯২৬,০১৩৩৫১৪৯৯২৫,০১৩৩৫১৪৯৯২৪,০১৩৩৫১৪৯৯২৩, ০১৩৩৫১৪৯৯২০-এ হোয়াটসঅ্যাপ, ইমু এর মাধ্যমে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

সহায়তা পেতে নিম্নোক্ত তথ্য পাঠাতে হবে—

১. সমস্যার স্ক্রিনশট
২. ব্যবহৃত মোবাইল নম্বর
৩. জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর

এছাড়া প্রয়োজন হলে ই-মেইলের মাধ্যমেও সহায়তা গ্রহণ করা যাবে।

ই-মেইল ঠিকানা: info@ocv.gov.bd

**বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী**